175

দৈনিক ইনকিলাব

তারিখ 03 NOV 199৮
পৃষ্ঠা ৬ কলাম ৭

# প্রতিটি মন্ত্রণালয়ে ইনহাউস প্রশিক্ষণ পদ্ধতি চালু হচ্ছে

তথ্য বিবরণী ঃ সরকারী কর্মকর্তাদের নিজ নিজ কর্মবৃত্তে অধিকতর জ্ঞান অর্জন, কর্মদক্ষতা বৃদ্ধি এবং যুগোপযোগী বিশেষ করে এক বিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য উপযুক্তভাবে গড়ে তোলার জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিষয়টির ওপর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করেছেন। সে নির্দেশের আলোকে এবং জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের পরামর্শের সূত্র ধরে দেশে-বিদেশে সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার প্রক্রিয়া আরো জোরদার করার কার্যক্রম ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এ লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগে ইনহাউস (আভ্যন্তরীণ) প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দেয়া হচ্ছে। এ প্রশিক্ষণ একটি চলমান প্রক্রিয়া।

প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ ইনহাউস (আভ্যন্তরীণ) প্রশিক্ষণের মাধ্যমে মন্ত্রণালয়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত করার জন্য কর্মকর্তাদের প্রস্তুত করতে পারবে। অন্যদিকে কর্মকর্তাগণ জ্ঞান আহরণ ও সম্প্রসারণের মাধ্যমে সরকারের সকল মন্ত্রণালয়ের/ বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হতে পারবে এবং নতুন নতুন বিবর্তন ও পরিবর্তন সম্পর্কে নিজেদের অবহিত রেখে বিবর্তনশীল পৃথিবীর সংগে তাল মিলিয়ে চলার ক্ষমতা সঞ্চয়ে সক্ষম হবে। এ লক্ষ্যে সংস্থাপন মন্ত্রণালয়ে গত ২৭ এবং ২৮ অক্টোবর দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদের এক ঘন্টা করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। তাতে ১৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

গতকাল সংস্থাপন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে (উর্ধ্বতন কর্মকর্তাসহ) দু'ঘন্টার জন্য অনুরূপ একটি প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করা হয়। বছরে একই প্রক্রিয়ায় একশ' ঘন্টা প্রশিক্ষণের ব্যবস্থা থাকবে। এ ধরনের প্রশিক্ষণের ফলে সচিবালয়ের কাজ আরো গতিশীল ও সিদ্ধান্ত গ্রহণ দ্রুততর হবে এবং কর্মকর্তাদের মাঝে কর্মস্পৃহা আরও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। এর ফলে জনপ্রশাসন বৃহত্তর জনগোষ্ঠীর কল্যাণে আরো কার্যকর ভূমিকাও রাখতে পারবে।

একই প্রক্রিয়ায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে এ ধরনের ইনহাউস (আভ্যন্তরীণ) প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকার ইতোমধ্যেই নির্দেশ প্রদান করেছে।